| |
|---|
| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০।

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১৩.২৪৮.০০- ৫১৯৮ (৫০) তারিখ-১৭/০৬/২০২৩ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংযুক্তিসহ অনুলিপি প্রেরণ করা হলো :

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা সার্কেল, ঢাকা।

৩। প্রকল্প পরিচালক, ........................................................................প্রকল্প।

৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

সংযুক্তিঃ- বর্ণনামতে।

১৭/৬/২৩

(মোঃ সরোয়ার হোসেন)
প্রধান প্রকৌশলী

ব্যবস্থা/উপস্থাপন/নিলাপ/নথিভুক্ত

শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি

| | |
|---|---|
| E | Acc.O |
| SO | HA |
| ESTM | AA |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০৪০.২২-৪১৫

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯
১৪ মার্চ ২০২৩

## পরিপত্র

বিষয়: পৌরসভা পানি সরবরাহ ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩।

পৌরসভাসমূহের অধিক্ষেত্রে পানি সরবরাহ ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে এ পরিপত্রের সাথে সংযুক্ত 'পৌরসভা পানি সরবরাহ ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩' জারি করা হলো।

২। পৌরসভাসমূহ আগামী ৬(ছয়) মাসের মধ্যে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ১২২(১) অনুযায়ী পানি সরবরাহ ব্যবস্থাপনা সম্পর্কিত উপ-আইন প্রণয়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করবে।

৩। উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথ অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/০৩/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র

................................................ পৌরসভা (সকল)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. বিভাগীয় কমিশনার, ...................................... (সকল)
৫. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ..............................(সকল)
৯. জেলা প্রশাসক, ................................................. (সকল)
১০. উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ..............................(সকল)
১২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩ প্রকল্প পরিচালক, বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনি, কাকরাইল, ঢাকা-১০০০
১৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

# Part – I

## পৌরসভা পানি সরবরাহ ব্যবস্থাপনা নির্দেশিকা

## (Pourashava Water Supply Management Guideline)

# পৌরসভা পানি সরবরাহ ব্যবস্থাপনা নির্দেশিকা
## (Pourashava Water Supply Management Guideline)

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন)-এর ধারা ১১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে পৌরসভার পানি সরবরাহ ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনার সুবিধার্থে নিম্নবর্ণিত নির্দেশিকা (Guideline) প্রণয়ন করা হইল, যথা:

১। সংক্ষিপ্ত শিরোণাম: এই নির্দেশিকা পৌরসভা পানি সরবরাহ নির্দেশিকা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই নির্দেশিকায়:

(ক) "গৃহস্থালী সংযোগ" অর্থ এইরূপ সংযোগ যাহার দ্বারা কোন বাসগৃহে রান্না-বান্না, ধোয়া-মোছা, গোসল ও অন্যান্য দৈনন্দিন কাজে ব্যবহারের জন্য পানি সরবরাহ করা হয়;

(খ) "গ্রুপ-ট্যাপ সংযোগ" অর্থ এইরূপ গৃহস্থালী সংযোগ যাহার দ্বারা একাধিক বাসগৃহে বা বহুতল ভবনে বসবাসকারী অধিক সংখ্যক পরিবারে পানি সরবরাহ করা হয়;

(গ) "নির্ধারিত ফরম" অর্থ এই নির্দেশিকার সহিত সংযোজিত ফরম;

(ঘ) "পানি" অর্থ পৌরসভা কর্তৃক সরবরাহকৃত পানি;

(ঙ) "পৌরসভা" অর্থ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন)-এর ধারা ৬ এর অধীনে গঠিত কোন পৌরসভা;

(চ) " প্রাতিষ্ঠানিক সংযোগ" অর্থ এইরূপ সংযোগ যাহার দ্বারা কোন ধর্মীয় প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান কিংবা হাসপাতালে ব্যবহারের জন্য পানি সরবরাহ করা হয়; পৌরসভা এবং সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের অধীন অফিসসমূহ, উন্নয়ন সহযোগী সংস্থা, বেসরকারী সংস্থা (NGO) ও কমিউনিটি ভিত্তিক সংগঠনের (CBO) অফিস, আদালত, পুলিশ স্টেশন, পাবলিক টয়লেট ইত্যাদিও এইরূপ সংযোগের অন্তর্ভুক্ত হইবে;

(ছ) "বাণিজ্যিক/শিল্প-সংযোগ" অর্থ এইরূপ সংযোগ যাহার দ্বারা Factories Act, 1965 (E.P. Act IV of 1965) এ সংজ্ঞায়িত কোন ফ্যাক্টরী (Factory) এবং Shops and Establishment Act, 1965 (E.P. Act VII of 1965) এ সংজ্ঞায়িত কোন দোকান (Shop) ও প্রতিষ্ঠানে (Establishment) ব্যবহারের জন্য পানি সরবরাহ করা হয়;

(জ) "কমিটি" অর্থ এই নির্দেশিকার আওতায় গঠিত কমিটি;

(ঝ) কোন শব্দ বা শব্দ সমষ্টির সংজ্ঞা বা ব্যাখ্যা দেওয়া না থাকিলে উহা সাধারণতঃ যে অর্থে ব্যবহৃত হইয়া থাকে সেই অর্থেই ব্যবহৃত হইবে।

৩। পানির সংযোগ গ্রহণের আবেদন:

(১) পানির সংযোগ গ্রহণের জন্য পৌরসভা বরাবরে নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে;

(২) পৌরসভা উহার নিজস্ব ওয়েবসাইটে পানির সংযোগ গ্রহণের জন্য আবেদন ফরম আপলোড করিবার ব্যবস্থা গ্রহণ করিবে। তাহার পূর্ব পর্যন্ত আবেদনের ফরম পৌরসভা কর্তৃক নির্ধারিত মূল্যে পৌরসভার পানি সরবরাহ শাখা হইতে সংগ্রহ করা যাইবে;

(৩) আবেদন পত্রের সহিত যে স্থানে বা স্থাপনায় পানির সংযোগ গ্রহণ করা হইবে উহার প্লাম্বিং প্ল্যান দাখিল করিতে হইবে।

৪। পরিদর্শন:

(১) অনুচ্ছেদ-৩ এর অধীনে পানির সংযোগ গ্রহণের জন্য কেহ আবেদন করিলে পৌরসভা উহার কোন কর্মকর্তা দ্বারা প্রস্তাবিত পানি সরবরাহের স্থান বা স্থাপনা, পানি সরবরাহ লাইন এবং প্লাম্বিং সিস্টেম বা প্ল্যান পরিদর্শন ও পরীক্ষা করিবে এবং উক্ত কর্মকর্তা পরিদর্শন ও পরীক্ষা শেষে পৌরসভার নিকট তাহার লিখিত প্রতিবেদন দাখিল করিবে;

(২) আবেদনপত্র দাখিলের ত্রিশ পঞ্জিকা দিনের (calendar days) মধ্যে উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত পরিদর্শন ও পরীক্ষা কার্য সমাপ্ত করিতে হইবে। তবে শর্ত থাকে যে, বিশেষ কারণে পৌরসভা উক্ত সময়সীমা অনধিক ত্রিশ দিন বর্ধিত করিতে পারিবে।

৫। **পানির সংযোগ প্রদান বা প্রত্যাখ্যান:**

(১) অনুচ্ছেদ-৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পনের পঞ্জিকা দিনের (calendar days) মধ্যে পৌরসভা পানির সংযোগ প্রদান অথবা উহা প্রত্যাখ্যানের সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং সিদ্ধান্ত আবেদনকারীকে লিখিতভাবে জানাইবে;

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন পানির সংযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইলে পৌরসভা আবেদনকারীকে অনুচ্ছেদ-৬ এ উল্লিখিত সংযোগ ফি এবং পানির সংযোগ স্থাপনের যাবতীয় খরচের পরিমাণ লিখিতভাবে জানাইবে;

(৩) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন পানির সংযোগ প্রদান প্রত্যাখ্যান করা হইলে, পৌরসভা আবেদনকারীকে উহার কারণ লিখিতভাবে জানাইবে।

৬। সংযোগ ফী ইত্যাদি:

(১) অনুচ্ছেদ-৫ এর অধীন কোন আবেদনকারীকে পানির সংযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইলে, উক্ত আবেদনকারীকে নিম্নবর্ণিত ফী জমা প্রদান করিতে হইবে, যথা:

| সংযোগের ধরণ | পানি সরবরাহ পাইপের ব্যাস (মিলিমিটার/ইঞ্চি) | সংযোগ ফী (টাকায়) |
|---|---|---|
| (ক) গৃহস্থালি | ১২ (১/২") | ১,০০০.০০ |
| (খ) গৃহস্থালি | ১৯ (৩/8") | ২,০০০.০০ |
| (গ) গৃহস্থালি | ২৫ (১") | ৫,০০০.০০ |
| (ঘ) বাণিজ্যিক/শিল্প | ৩৮ (১-১/২") | ১০,০০০.০০ |
| (ঙ) বাণিজ্যিক/শিল্প | ৫০ (২") | ১৫,০০০.০০ |
| (চ) বাণিজ্যিক/শিল্প | ৭৫ (৩") | ২০,০০০.০০ |
| (ছ) বাণিজ্যিক/শিল্প | ১০০ (8") | ৩৫,০০০.০০ |
| (জ) গ্রুপ ট্যাপ (গৃহস্থালি) | ১২, ১৯ বা ২৫ (১/২", ৩/8" বা ১") | ২,০০০.০০ + প্রতি ফ্ল্যাট অতিরিক্ত ১০০০.০০ টাকা |
| (ঝ) প্রতিষ্ঠানিক | ১৯ বা ২৫ (৩/8" বা ১") | প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংযোগ ফি শুধুমাত্র ৩,০০০.০০ টাকা |

(২) উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত সংযোগ ফী ছাড়াও আবেদনকারীকে পানির সংযোগ স্থাপনের জন্য পৌরসভা কর্তৃক নির্ধারিত যাবতীয় খরচ বহন করিতে হইবে। পৌরসভা প্রয়োজন মনে করিলে সময় সময় উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত সংযোগ ফী সংশ্লিষ্ট কমিটি বা কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক হ্রাস/বৃদ্ধি করিতে পারিবে।

৭। সংযোগ ফী ইত্যাদি পরিশোধ: অনুচ্ছেদ-৬ এর অধীন সংযোগ ফী ও সংযোগ স্থাপনের খরচ এবং এই নির্দেশিকা দ্বারা নির্ধারিত অন্যান্য চার্জ, যদি থাকে, সংযোগ প্রদানের অনুমতি প্রদানের পরবর্তী এক মাসের মাধ্যে আবেদনকারী পরিশোধ না করিলে পৌরসভা সংযোগের অনুমতি বাতিল করিতে পারিবে।

৮। পানির মিটার:

(১) কোন স্থানে বা স্থাপনায় পানির সংযোগ প্রদান করা হইলে পৌরসভা প্রয়োজন মনে করিলে সরবরাহকৃত পানির পরিমাণ নিরূপণের জন্য উক্ত স্থান বা স্থাপনার উপযুক্ত কোন স্থানে মিটার স্থাপন করিতে পারিবে;

(২) উপ-অনুচ্ছেদ-(১) এর অধীন মিটার স্থপনের সিদ্ধান্ত গৃহীত হইলে উক্ত মিটারের মূল্য এবং পৌরসভা কর্তৃক নির্ধারিত মিটার স্থাপন খরচ পানির সংযোগ গ্রহণকারীকে পরিশোধ করিতে হইবে;

(৩) মিটার পরিদর্শন ও মিটার রিডিং সংগ্রহের জন্য পৌরসভা কর্তৃক নিযুক্ত কর্মকর্তা বা কর্মচারীকে পানির সংযোগ গ্রহণকারী প্রয়োজনীয় সুযোগ প্রদান করিতে বাধ্য থাকিবেন;

(৪) কোন মিটার পৌরসভা কর্তৃক সঠিক মনে না হইলে, পৌরসভা যে কোন সময় উহা পরীক্ষা করিবার জন্য উক্ত সংযোগ হইতে খুলিয়া আনিতে এবং পুন:স্থাপন করিতে পারিবে। এই জন্য পানির সংযোগ গ্রহণকারী কর্তৃক পৌরসভাকে কোন ফী বা চার্জ প্রদান করিতে হইবে না;

(৫) প্রাইভেট সেক্টর বা বেসরকারি সংস্থার সঙ্গে আউটসোর্সিং পদ্ধতিতে চুক্তির মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে বেসরকারি সংস্থা কর্তৃক নিযুক্ত ও পৌরসভা কর্তৃক সত্যায়নকৃত কর্মকর্তা বা কর্মচারীকে উপরে উল্লেখিত কাজসমূহ সমপন্ন করিবার লক্ষ্যে পানির সংযোগ গ্রহণকারী প্রয়োজনীয় সুযোগ প্রদান করিতে বাধ্য থাকিবেন;

৯। পানি সরবরাহ পাইপের স্টপকক (Stopcock) স্থাপন:

(১) পানি সরবরাহ পাইপ লাইনে স্টপকক থাকিবে এবং উক্ত পাইপ ও স্টপকক ২.০ বার (bar) বা ২.০ kg- f/cm$^2$ (৩০ পি.এস.আই.) উচ্চ চাপ ধারণ ক্ষমতা সম্পন্ন হইবে;

(২) স্টপকক পানি সরবরাহ পাইপ লাইনে এমন স্থানে স্থাপন করিতে হইবে যাহাতে উহা সহজে পরিদর্শন ও পরীক্ষা করা যায়।

১০। অস্থায়ী সংযোগ:

(১) পৌরসভা সংশ্লিষ্ট কমিটির অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত হারে সংযোগ ফী প্রদান সাপেক্ষে, অনুর্ধ্ব এক মাস সময়ের জন্য পানির অস্থায়ী সংযোগ প্রদান করিতে পারিবে;

(২) ২৫ মিলিমিটার (১") ব্যাসের উর্দ্ধের পাইপের সাহায্যে কোন অস্থায়ী সংযোগ প্রদান করা যাইবে না।

১১। পানির মূল্য হার:

(১) পানি সরবরাহ সংক্রান্ত ব্যয় মিটানোর লক্ষ্যে পৌরসভা পানির মূল্য নির্ধারণের জন্য পানির ট্যারিফ কাঠামো প্রস্তুত করিবে। এ লক্ষ্যে পানির সংযোগের ধরণ অনুযায়ী গ্রাহক প্রোপাইল তৈরী করিবে যেমন: আবাসিক, বাণিজ্যিক, প্রাতিষ্ঠানিক ও নিম্নআয়ের গ্রাহক। ট্যারিফ কাঠামোর মধ্যে নিয়মিত পানির বিল, নিবন্ধন ফি, গৃহসংযোগ ফি, পুন:সংযোগ ফি, লাইন স্থানান্তর ফি, সারচার্জ, লাইন রেন্ট ইত্যাদি অন্তর্ভূক্ত থাকিবে।

(২) পানির ট্যারিফ কাঠামোর আওতায় পানির মূল্য নির্ধারণের ক্ষেত্রে বিভিন্ন পদ্ধতি বিবেচনায় আনিতে হইবে, যেমন- ব্যবহারের পরিমাণ বা ধরণ নির্বিশেষে একক মূল্য (unit price) হার নির্ধারণ অথবা পানির ব্যবহারের বিভিন্ন স্তর অনুযায়ী ভিন্ন হারে পানির একক মূল্য (unit price) নির্ধারণ।

(৩) পানির মূল্য নির্ধারণের ক্ষেত্রে গ্রাহকের বিল পরিশোধের আর্থিক সামর্থ্য বিবেচনায় আনিতে হইবে।

(৪) পানির মূল্য নির্ধারণের ক্ষেত্রে ব্যয়ের খাত বিবেচনায় আনিতে হইবে। সম্ভাব্য ব্যয়ের খাতগুলো হলো- জনবলের বেতন ও ভাতাদি, বিদ্যুৎ ব্যয়, পানি পরিশোধন ক্যামিক্যালস্, মেরামত ও সংরক্ষণ, এবং আনুষঙ্গিক ব্যয় ইত্যাদি।

(৫) পানির ট্যারিফ কাঠামোর উপর পৌর কাউন্সিলের সম্মতি গ্রহণের পর সংশ্লিষ্ট কমিটি বা কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে। প্রতি দুই বছর পর বা প্রয়োজনে পানির মূল্যহার পুনর্বিবেচনা করিতে হইবে;

(৬) মিটারবিহীন সংযোগ দ্বারা পানি সরবরাহের ক্ষেত্রে, পৌরসভা, সংশ্লিষ্ট কমিটি বা কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ সাপেক্ষে প্রতি দুই বছর পর বা প্রয়োজনে পানি সরবরাহ পাইপ লাইনের ব্যাসের ভিত্তিতে এবং সংযোগের ধরণের ভিত্তিতে মাসিক পানির মূল্য হার নির্ধারণ করিতে হইবে;

(৭) উপ-অনুচ্ছেদ (১) এ যাহা কিছুই থাকুক না কেন, অস্থায়ী সংযোগের ক্ষেত্রে, পানি সরবরাহ পাইপ লাইনের ব্যাসের ভিত্তিতে, পৌরসভা সংশ্লিষ্ট কমিটি বা কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ সাপেক্ষে দৈনিক হারে পানির মূল্য নির্ধারণ করিতে হইবে;

(৮) মিটারযুক্ত সংযোগ দ্বারা পানি সরবরাহের ক্ষেত্রে পৌরসভা কর্তৃক, প্রতি দুই বছর পর বা প্রয়োজনে সংশ্লিষ্ট কমিটি বা কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ সাপেক্ষে, পানি সরবরাহ ব্যবস্থা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যয় নির্বাহের লক্ষ্যে পানির মূল্য নির্ধারণ করিতে হইবে। সংযোগকৃত মিটার হইতে প্রাপ্ত প্রকৃত পানির ব্যবহারের পরিমাণের উপর ভিত্তি করিয়া পানির মাসিক বিল প্রস্তুত করিতে হইবে। পানি সরবরাহ শাখার কার্যকর আর্থিক স্বক্ষমতা বজায় রাখিবার লক্ষ্যে পানির মূল্য পুনঃনির্ধারণের ক্ষেত্রে মুদ্রাস্ফীতির বিষয়টি বিবেচনায় আনিতে হইবে যাহাতে পানির সররবাহ হইতে প্রাপ্ত রাজস্ব দ্বারা পরিচালন ব্যয় মিটানো সম্ভব হয়।

(৯) মিটারে ত্রুটি পাওয়া মাত্র পৌরসভা দ্রুত উহা মেরামতের ব্যবস্থা গ্রহণ করিবে। যে মাসে মিটার ত্রুটিপূর্ণ থাকিবে সেই মাসের পানির মূল্য পূর্ববর্তী তিন মাসের পানির মূল্যের গড় হার দ্বারা নিরূপিত হইবে;

(১০) সরকারের জাতীয় বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবসে যেমন- ১৬ ডিসেম্বর, ২৬ মার্চ, ২১ ফেব্রুয়ারি ও সরকারি বিশেষ কাজে এবং পৌরসভার জনস্বার্থ বিবেচনায় পানি সরবরাহের ক্ষেত্রে পৌর কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে বিনামূল্যে পানি সরবরাহ করা যাইবে;

(১১) অগ্নি নির্বাপনের ক্ষেত্রে বিনামূল্যে পানি সরবরাহ করা যাইবে;

(১২) পৌরসভা কর্তৃক এতদূদ্দেশ্যে নিযুক্ত কর্মকর্তা বা কর্মচারী প্রতিমাসে একবার মিটার রিডিং সংগ্রহ করিবে।

১২। পানির মূল্য বা সরবরাহ মূল্য নির্ধারণ বা পুনঃনির্ধারণ প্রক্রিয়া:

এই নির্দেশিকায় যাহা কিছুই থাকুক না কেন পৌরসভা কর্তৃক পানি সরবরাহের ক্ষেত্রে পানির মূল্য, সংযোগ ফী, পুনঃসংযোগ ফী, ইত্যাদি নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণপূর্বক নির্ধারণ বা পুনঃনির্ধারণ করিতে হইবে:

(১) পৌরসভা কর্তৃক পানি সরবরাহের ক্ষেত্রে পানির মূল্য, সংযোগ ফী, পুনঃসংযোগ ফী, ইত্যাদি নির্ধারণ বা পুনঃনির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত কমিটির অনুমোদন গ্রহণ করিতে হইবে-

| | | | |
|---|---|---|---|
| (ক) | জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা) | - | সভাপতি |
| (খ) | উপপরিচালক, স্থানীয় সরকার (সংশ্লিষ্ট জেলা) | - | সদস্য |
| (গ) | প্রধান নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট পৌরসভা)<br>( তাহার অবর্তমানে মেয়র মনোনীত কর্মকর্তা ) | - | সদস্য |
| (ঘ) | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সংশ্লিষ্ট জেলা) | - | সদস্য-সচিব |

(২) পৌরসভা পানির মূল্য, সংযোগ ফী, পুনঃসংযোগ ফী ইত্যাদি নির্ধারণ বা পুনঃনির্ধারণের প্রস্তাব প্রস্তুত করিয়া বর্ণিত কমিটির অনুমোদনের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর প্রেরণ করিবে।

(৩) কমিটি প্রস্তাব পর্যালোচনাপূর্বক অনুমোদন প্রদান, সংশোধনপূর্বক অনুমোদন প্রদান অথবা অসম্পূর্ণ প্রস্তাব ফেরত প্রদানপূর্বক সংশোধিত আকারে পুনরায় প্রেরণের নির্দেশনা প্রদান করিতে পারিবে।

১৩। আপিল কর্তৃপক্ষ:

(১) পানির মূল্য, সংযোগ ফী, পুনঃসংযোগ ফী ইত্যাদি নির্ধারণ বা পুন:নির্ধারণের বিষয়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্ষুব্ধ হইলে তিনি বা উক্ত প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার বরাবর আপিল করিতে পারিবে। বিভাগীয় কমিশনার আবেদনকারী বা প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট পৌরসভার শুনানী গ্রহণপূর্বক

পানির মূল্য, সংযোগ ফী, পুনঃসংযোগ ফী ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিবে। তবে, বর্ণিত ফী বা মূল্যসমূহ হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে শতকরা ২৫ (পঁচিশ) ভাগের বেশি বা কম হইবে না।

(২) কমিটির সিদ্ধান্তে সংক্ষুব্ধ হইলে সংশ্লিষ্ট পৌরসভাও বিভাগীয় কমিশনারের নিকট আপিল করিতে পারিবে। বিভাগীয় কমিশনার পৌরসভার মেয়র বা প্রশাসক এবং কমিটির পক্ষে কমিটির সদস্য-সচিবকে শুনানী প্রদানপূর্বক আবেদনটি নিষ্পত্তি করিবেন।

১৪। পানির মূল্য পরিশোধ:

(১) এই নির্দেশিকার অধীনে মাসিক/দৈনিক হারে পানির নির্ধারিত মূল্য পৌরসভা কার্যালয়ে বা পৌরসভা কর্তৃক নির্ধারিত Bank বা Mobile App-এর মাধ্যমে পরিশোধ করিতে হইবে;

(২) নির্ধারিত পানির মূল্য নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থতার ক্ষেত্রে, পৌরসভা নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক সংশ্লিষ্ট পানির সংযোগ বিচ্ছিন্ন করিবে, যথা:

(ক) মূল্য পরিশোধের নির্ধারিত সময়ের পর এক মাস অতিবাহিত হইলে, পৌরসভা, পানি সংযোগ গ্রহণকারীকে জরিমানাসহ তাহার সমস্ত বকেয়া পাওনা পরবর্তী এক মাসের মধ্যে পরিশোধ করিতে নোটিশ প্রদান করিবে;

(খ) যদি উল্লিখিত এক মাসের মধ্যে পানির সংযোগ গ্রহণকারী নোটিশে উল্লিখিত তাহার বকেয়া পরিশোধ না করেন, তাহা হইলে পৌরসভা তাহাকে আরও এক মাসের সময় দিয়া উহা পরিশোধের নোটিশ প্রদান করিবে;

(গ) যদি ইহার পরও পানির সংযোগ গ্রহণকারী নোটিশে উল্লিখিত বকেয়া পরিশোধে ব্যর্থ হন তাহা হইলে পৌরসভা, তাহাকে আরও পনের দিনের সময় দিয়া উক্ত বকেয়া পরিশোধের শেষ (final) নোটিশ প্রদান করিবে;

(ঘ) উল্লিখিত পনের দিনের মধ্যে পানির সংযোগ গ্রহণকারী বকেয়া পরিশোধ না করিলে, উক্ত মেয়াদ শেষ হইবার পর পৌরসভা সংশ্লিষ্ট পানির সংযোগ বিচ্ছিন্ন করিবে এবং বকেয়া আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে;

(ঙ) পানির মূল্য পরিশোধের জন্য সংশ্লিষ্ট বিলে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে উক্ত মূল্য পরিশোধ করা না হইলে তজ্জন্য পৌরসভা বিলে বর্ণিত পানির মূল্যের উপর ৫% হারে জরিমানা আরোপ করিবে;

(চ) পানির মূল্য পরিশোধের জন্য উহার বিলে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে উক্ত মূল্য পরিশোধ করা হইলে পৌরসভা বিলে বর্ণিত পানির মূল্যের উপর ৫% রিবেট প্রদান করিতে পারিবে।

১৫। পানি সরবরাহ সংক্রান্ত হিসাব সংরক্ষণ:

পানি সরবরাহ সংক্রান্ত যাবতীয় আয় ও ব্যয় পৃথক ও স্বতন্ত্রভাবে সংরক্ষণ করিতে হইবে। তাহা ছাড়া এই শাখার লেনদেন পৃথক ব্যাংক হিসাবের মাধ্যমে নির্বাহ করিতে হইবে। প্রতি তিন মাস অন্তর পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন শাখার প্রকৃত আর্থিক ও ভৌত অবস্থা পৌর কাউন্সিলের সভায় উপস্থাপন ও পৌরসভার ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করিতে হইবে। তাহা ছাড়া সরকার হইতে প্রাপ্ত চাহিদার আলোকে এই সংক্রান্ত তথ্যাদি সরবরাহ করিতে হইবে।

১৬। পৃথক ও স্বতন্ত্র পানি সরবরাহ ও স্যানিটেশন বিভাগ প্রতিষ্ঠা করা:

পানি সরবরাহ সংক্রান্ত যাবতীয় কাজ সুষ্ঠুভাবে পরিচালনার সুবিধার্থে পৌরসভাকে পৃথক ও স্বতন্ত্র পানি সরবরাহ ও স্যানিটেশন বিভাগ প্রতিষ্ঠা করিতে হইবে। পৌরসভার জন্য প্রযোজ্য বিদ্যমান কাঠামো অনুযায়ী পর্যাপ্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন জনবল সরকারের অনুমোদন সাপেক্ষে নিয়োগ করা যাইবে যেমন- সহকারী/উপ-সহাকারী প্রকৌশলী (পানি ও পয়ঃনিস্কাশন), হিসাবরক্ষক, বিলিং সহকারী, মেকানিক, প্লাম্বার ও পাম্প অপারেটর ইত্যাদি।

১৭। পানির অপব্যবহার ও অপচয়রোধ:

(১) এই নির্দেশিকার অধীনে পৌরসভা কর্তৃক সরবরাহকৃত পানি কোন পুকুর, জলাশয় বা ক্ষেত-খামারে সরবরাহ কিংবা সেচ কার্যে ব্যবহার করা যাইবে না;

(২) মিটারবিহীন সংযোগের ক্ষেত্রে, পানি সরবরাহের পাইপ লাইন ছিদ্র হওয়া, পানি উপচাইয়া পড়া অথবা অন্য যে কোন প্রকার ত্রুটি এবং মিটারযুক্ত সংযোগের ক্ষেত্রে, প্লাম্বিং সিষ্টেমের যে কোন প্রকার ত্রুটি যাহার কারণে পানি অপচয় হইতে পারে, পৌরসভার কর্মকর্তা গোচরে আসা মাত্রই উহা নিরসনের জন্য সময় নির্ধারণপূর্বক পানির সংযোগ গ্রহণকারীর বরাবরে নোটিশ প্রদান করিবে এবং নির্ধারিত সময়ের মধ্যে ত্রুটি নিরসন না হইলে সংযোগ বিচ্ছিন্ন করিবে।

১৮। বর্জ্যপানি নিষ্কাশনঃ পৌরসভার সন্তোষ অনুযায়ী পানির সংযোগ গ্রহণকারী কর্তৃক গৃহস্থালি বর্জ্যপানি (household wastewater) নিষ্কাশনের কার্যকর ব্যবস্থা রাখা না হইলে পানি সংযোগের অনুমতি প্রদান করা যাইবে না।

১৯। অন্য উৎস হইতে সংযোগ গ্রহণের উপর নিষেধাজ্ঞাঃ
যেখানে পৌরসভা কর্তৃক নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা রহিয়াছে, সেখানে পৌরসভার অনুমোদন ব্যতীত অন্য কোন নলকূপ বা পুকুর বা পানি সরবরাহের অন্য কোন উৎস হইতে পানির সংযোগ গ্রহণ করা যাইবে না। যদি পৌরসভা কর্তৃক পানি সরবরাহ করা সম্ভব না হয় সেই ক্ষেত্রে পৌরসভা কর্তৃক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে পানির উৎস স্থাপন করা যাইবে।

২০। অনিয়মিত পানি সরবরাহঃ
প্রাকৃতিক বিপর্যয়ের কারণে অথবা পৌরসভার ক্ষমতা বহির্ভূত যে কোন কারণে পানি সরবরাহ অনিয়মিত, হ্রাস অথবা বন্ধ হইলে তজ্জন্য পৌরসভা দায়ী থাকিবে না। তবে, পৌরসভা বিশেষ পরিবহন ব্যবস্থার মাধ্যমে জরুরি পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করিবে এবং পানি সরবরাহ স্বাভাবিক করিবার উদ্দেশ্যে সর্ব প্রকার ব্যবস্থা গ্রহণ করিবে।

২১। সংযোগ বিচ্ছিন্নকরণঃ

(১) কোন ব্যক্তি পৌরসভার অনুমোদন ব্যতীত পানির সংযোগ গ্রহণ করিলে উক্ত সংযোগ কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে বিচ্ছিন্ন করা যাইবে এবং পৌরসভা এই ক্ষেত্রে জরিমানা আরোপ করিতে পারিবে;

(২) নির্ধারিত সময়ে পানির মূল্য পরিশোধ করা না হইলে অনুচ্ছেদ-১৪ এর উপ-অনুচ্ছেদ (২) এ বর্ণিত পদ্ধতিতে পানির সংযোগ বিচ্ছিন্ন করা যাইবে;

(৩) নিম্নবর্ণিত যে কোন কারণে পানির সংযোগ গ্রহণকারীকে পনের দিনের অগ্রিম লিখিত নোটিশ প্রদান করিয়া পানির সংযোগ বিচ্ছিন্ন করা যাইবে, যথা :

(ক) এই নির্দেশিকার বিধান লংঘনপূর্বক পানি সরবরাহ পাইপ বা মিটারের ক্ষতি-সাধন, পানির পাইপের ব্যাস পরিবর্তন অথবা অবৈধভাবে অন্য কোন প্রকার হস্তক্ষেপ করা হইলে;

(খ) পানির মূল্য নির্ধারণ অথবা মিটার রিডিং এর উদ্দেশ্যে পৌরসভা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারীকে সূর্যোদয় ও সূর্যাস্তের মধ্যে পানির সংযোগ লাইন, প্লাম্বিং সিষ্টেম, মিটার অথবা এতদ্‌সংক্রান্ত অন্য কোন কিছু পরীক্ষা বা পরিদর্শন করিতে বাধা প্রদান করা হইলে;

(গ) পানির সঞ্চয় আধার (water reservoir) হইতে যে কোন ত্রুটিজনিত কারণে অবিরামভাবে পানি পড়িতে থাকিলে অথবা উপচাইয়া পড়িতে থাকিলে;

(ঘ) পুকুর, জলাশয় বা ক্ষেত-খামারে সরবরাহ কিংবা সেচ কার্যে ব্যবহার করিলে অথবা অন্য যে কোনভাবে পৌরসভা কর্তৃক সরবরাহকৃত পানির ইচ্ছাকৃত অপব্যবহার করিলে; ও

(ঙ) এই নির্দেশিকার কোন বিধান লংঘন করা হইলে।

২২। পানির পুনঃসংযোগ গ্রহণঃ
নির্ধারিত পুনঃসংযোগ ফীসহ যাবতীয় বকেয়া পাওনা পরিশোধ সাপেক্ষে, পানির পুনঃসংযোগ গ্রহণ করা যাইবে।

২৩। বকেয়া পাওনা আদায়:

এই নির্দেশিকার অধীনে পানির সংযোগ গ্রহণকারী কোন ব্যক্তির নিকট পৌরসভার প্রাপ্য সকল অর্থ Public Demands Recovery Act, 1913 (Ben, Act XIII of 1913) এর অধীন আদায়যোগ্য হইবে।

২৪। পানির গুণগতমান (water quality) পরীক্ষাকরণ:

(১) পৌরসভা কর্তৃক সরবরাহকৃত পানির মান 'বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭' (Bangladesh Environment Conservation Rules, ECR, 1997) অনুযায়ী সঠিক মাত্রায় রাখার উদ্দেশ্যে পৌরসভা নিয়মিত (Semi-Annually) পানির নমুনা পরীক্ষা করিবে। পরীক্ষার ফলাফল পৌরসভা কার্যালয়ে এবং পৌরসভার ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করিতে হইবে;

(২) পৌরসভা প্রতি পঞ্জিকা বর্ষে দুই বার পানির উৎস ও বাসগৃহ বা কোন প্রতিষ্ঠানের ভিতরে পানির সঞ্চয় আধার বা প্লাম্বিং সিস্টেম হইতে দৈবচয়নের ভিত্তিতে পানির নমুনা সংগ্রহ করিয়া পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করিবে এবং প্রয়োজনে পানির সংযোগ গ্রহণকারীকে এই লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করিবে।

২৫। প্রাইভেট সেক্টর বা বেসরকারি সংস্থার মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থার নির্মাণ, পরিচালন ও রক্ষণাবেক্ষণ:

(১) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৯৫, ৯৬ ও ৯৭ অনুযায়ী পানি সরবরাহ অবকাঠামো সংক্রান্ত সকল নির্মাণ কাজ পৌর নাগরিকগণের স্বার্থে পৌরসভা নিজস্ব অথবা সরকারি অর্থায়নে অথবা বাংলাদেশ সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আইন, ২০১৫, অনুযায়ী সরকারি-বেসরকারি অংশীদারিত্বমূলক চুক্তির মাধ্যমে বাস্তবায়ন করিতে পারিবে।

(২) প্রয়োজন অনুযায়ী পৌরসভা, যেখানে পৌরসভা কর্তৃক নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা রহিয়াছে সেখানে, পানির সংযোগ প্রদান, মিটার স্থাপন, পরিদর্শন ও মিটার রিডিং সংগ্রহ, বিল তৈরি, বিতরণ ও সংগ্রহ করা, ত্রুটিযুক্ত মিটার প্রতিস্থাপন ইত্যাদিসহ পানি সরবরাহ ব্যবস্থা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ প্রাইভেট সেক্টর বা বেসরকারি সংস্থার সঙ্গে আউটসোর্সিং পদ্ধতিতে চুক্তির মাধ্যমে বাস্তবায়ন করিতে পারিবে। চুক্তির শর্ত সাপেক্ষে বেসরকারি প্রতিষ্ঠান উহার হিসাব রক্ষণ করিবে, হিসাবের বিবরণী প্রস্তুত এবং কোন অনুমোদিত হিসাব-নিরীক্ষক প্রতিষ্ঠান কর্তৃক নিরীক্ষা করাইবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের অনুলিপি চুক্তিকারী কর্তৃপক্ষের (পৌরসভা) নিকট পেশ করিবেন।

(৩) প্রাইভেট সেক্টর বা বেসরকারি সংস্থার সঙ্গে আউটসোর্সিং পদ্ধতিতে চুক্তির মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে বেসরকারি সংস্থা তৎকর্তৃক নিযুক্ত ও পৌরসভা কর্তৃক সত্যায়নকৃত কর্মকর্তা বা কর্মচারীর মাধ্যমে প্রয়োজনীয় কাজসমূহ সম্পন্ন করিতে পারিবে এবং এই ক্ষেত্রে পানির সংযোগ গ্রহণকারী প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবেন।

(৪) প্রাইভেট সেক্টর বা বেসরকারি সংস্থার সঙ্গে আউটসোর্সিং পদ্ধতিতে চুক্তির মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বাস্তবায়ন করিতে কোন ধরণের সমস্যা দেখা দিলে বা তৎসংশ্লিষ্ট কোন অভিযোগ থাকিলে সংশ্লিষ্ট চুক্তির পক্ষদ্বয় (বেসরকারি প্রতিষ্ঠান এবং পৌরসভা) পারস্পরিক আলোচনার মাধ্যমে উহা নিষ্পত্তি করিবে।

২৬। অন্যান্য:

(১) পৌরসভা পানি সরবরাহ সংক্রান্ত বিদ্যুৎ ব্যবহার ও বিল নিয়মিত পরীক্ষণ করিবে এবং প্রকৃত তথ্য পৌর কাউন্সিলের সভায় উপস্থাপন করিবে;

(২) পানি সরবরাহ শাখার পাম্প ও উহার আকার ইত্যাদি বিষয়ে পৌরসভা তথ্যাদি সংরক্ষণ করিবে;

(৩) পৌরসভা প্রতি দুই বছর অন্তর ৫০ কেভি উর্দ্ধের সকল পাম্পের উপর এনার্জি অডিট পরিচালনা করিবে এবং এই সংক্রান্ত প্রতিবেদন পৌর কাউন্সিলের সভায় উপস্থাপন করিবে;

(৪) পৌরসভা গ্রাহকের চাহিদা অনুযায়ী পর্যাপ্ত পানির প্রাপ্যতা নিশ্চিত করিবে যেমন- প্রতিদিন ন্যূনতম ১০ ঘন্টাব্যাপী পানি সরবরাহ ও জনপ্রতি প্রতিদিন ন্যুনতম ৮০ লিঃ পানি সরবরাহ;

২৭। স্থানীয় সরকার বিভাগ প্রয়োজন অনুসারে এই নির্দেশিকা সংশোধন, পরিবর্তন বা বাতিল করিতে পারিবে।

২৮। এই নির্দেশিকার নির্দেশাবলী প্রতিপালনে পৌরসভার মেয়র, কাউন্সিলর বা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক
ব্যর্থ হইলে তাহা অসদাচরণ হিসাবে গণ্য হইবে।

(অনুচ্ছেদ-৩ দ্রষ্টব্য)

............................পৌরসভা

## গৃহ-সংযোগের জন্য আবেদনপত্র (নমুনা)

বরাবর: চেয়ারম্যান, ............................................পৌরসভা,

আবেদনের তারিখ:..........................................

১। আবেদনকারীর নাম: ..................................................................................................................

২। হোল্ডিং নম্বর/ঠিকানা: ..............................................................................................................

৩। পরিবার/গৃহ সংখ্যা (ঐ হোল্ডিংয়ে): ................................................................................................

৪। পানি ব্যবহারকারীর সংখ্যা: .........................................................................................................

৫। সংযোগের ধরণ (প্রযোজ্য স্থানে টিক চিহ্ন দিন): গৃহস্থালি/বাণিজ্যিক/শিল্প/গ্রুপ-ট্যাপ/প্রতিষ্ঠানিক/অন্যান্য (যদি থাকে)

৬। ইতিপূর্বে এই হোল্ডিং নম্বরে আর কোন সংযোগ নেওয়া হইয়াছে কিনা (প্রযোজ্য স্থানে টিক চিহ্ন দিন)

হ্যাঁ ☐ না ☐

৭। সংযোগের স্থায়িত্ব: (ক) স্থায়ী (খ) অস্থায়ী ......................................................দিনের জন্য

৮। শর্তাবলী:

সংযোগ গ্রহণকারী পানি ব্যবহারের ব্যাপারে, পৌরসভা পানি সরবরাহ নির্দেশিকা, ২০২৩, মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

..........................

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ: ...........................

**পৌরসভা পানি সরবরাহ ও স্যানিটেশন শাখার ব্যবহারের জন্য**

৯। পরিদর্শন: আবেদনকারীর স্থান/স্থাপনা/প্লাম্বিং সিস্টেম ঠিক আছে/নাই

সংযোগ দেয়া যায়/যায় না।

প্রয়োজনীয় মালামাল, যাহা আবেদনকারীকে, সংযোগ স্থাপনের জন্য প্রদান করিতে হইবে:

.......................সহকারী/উপসহকারী প্রকৌশলী (পানি ও পয়:নিস্কাশন) এর স্বাক্ষর তারিখ..............................

পুন:সংযোগের ক্ষেত্রে:

আবেদনকারী তার সমস্ত বকেয়া ও সারচার্জ, মোট টাকা..............................., পরিশোধ করিয়াছে/করে নাই, পুন:সংযোগ দেওয়া যায়/যায় না।

..........................................................

সহকারী/উপসহকারী প্রকৌশলী (পানি ও পয়:নিস্কাশন) এর স্বাক্ষর তারিখ..............................

১০। পৌরসভার সিদ্ধান্ত:

(ক) সংযোগ প্রদানের অনুমতি প্রদান করা গেল না; সহকারী/উপসহকারী প্রকৌশলী (পানি ও পয়:নিস্কাশন) লিখিতভাবে আবেদনকারীকে জানাইয়া দিন।

অথবা

(খ) সংযোগ প্রদানের অনুমতি প্রদান করা গেল; সহকারী/উপসহকারী প্রকৌশলী (পানি ও পয়:নিস্কাশন) নির্ধারিত ফিস ও খরচ প্রাপ্তি সাপেক্ষে, সংযোগ প্রদানের ব্যবস্থা করুন।

.....................................
পৌর নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর     তারিখ:     ....................................................
তারিখ................     পৌরসভা মেয়রের স্বাক্ষর

১১। আবেদনকারী নিম্নবর্ণিত ফিস/টাকা প্রদান করিয়াছেন:

(ক) সংযোগ ফিস: টাকা......................................

(খ) (পুন:সংযোগের বেলায়) বকেয়া+সারচার্জ, টাকা......................................

(গ) মিটার চার্জ, টাকা..................................................

(ঘ) মিটার বসানোর খরচ, টাকা......................................

(ঙ) অন্যান্য (যদি থাকে)

---

মোট টাকা: ......................................................................

কথায়: ..............................................................................

---

.....................................
হিসাব রক্ষক/ওয়াটার সুপার এর স্বাক্ষর     তারিখ..............................

---

১২। সংযোগ দেওয়া হইল।

...................................
সহকারী/উপসহকারী প্রকৌশলী (পানি ও পয়:নিস্কাশন) এর স্বাক্ষর
তারিখ..................................................

আবেদনকারীর স্বাক্ষর     তারিখ........................